বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ৫, ২০১৪

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

#### (কাস্টমস ও মূল্য সংযোজন কর)

#### প্রজ্ঞাপন

## তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/ ০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

ž

এস,আর,ও নং- ১২১-আইন/২০১৪/২৪৮৫/কাস্টমস ৷- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) তে প্রদন্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ২৮ জ্যেষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৯-আইন/২০০৯/২২৪২/শুরু বাতিল করিয়া, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর Heading No 87 03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S.Code 8703.90.30 এর আওতাধীন অনূর্ধ্ব ২৫০০ সিলিডার ক্যাপাসিটি (সিসি) ক্ষমতা সম্পন্ন IIybrid motor cars. CBU কে আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপনীয় সম্পূরক গুরু, যেই পরিমাণে মূলাভিত্তিক ৬০% (ষাট শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমান, নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

### শত

- (ক) চেসিস বুকে তৈরী সালে এবং পরবর্তী বৎসরের ৩১ ডিসেম্বরের মধ্যে আমদানি করা অব্যবহৃত নৃতন Hybrid motor car এর ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে, তবে পুরাতন, ব্যবহৃত বা রি-কন্তিশন্ড গাড়ির ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে না ;
- (খ) আমদানিকৃত মোটর কার দুই বা ততোধিক শক্তির উৎস সমন্বিততাবে কাজে লাগাইয়া পরিচালনায় সক্ষম Hybrid motor car হইতে হইবে;
- (গ) শর্ত্ত (খ) তে উল্লিখিত যোগ্যতার সমর্থনে আমদানিকৃত Hybrid motor car এর প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র গাড়ি খালাসের সময় সংশ্লিষ্ট শুরু কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে;
- আমদানিকারকের নিজস্ব ব্যাটারি চার্জিং সুবিধা থাকিতে হইবে;

ŧ!

- (৩) Hybrid motor car আমদানির ক্ষেত্রে প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকারক বরাবর সরাসরি ইস্যুকৃত/প্রত্যায়িত মূল ইনভয়েস দাখিল করিতে হইবে;
- (5) ২৫০০ সিসির অধিক ইঞ্জিন ক্ষমতার Hybrid motor car আমদানির ক্ষেত্রে স্বাডাবিক হারে শুরু-কর প্রযোজা হইবে; এবং
- (ছ) গুদ্ধায়নের পূর্বে আমদানিকৃত মোটর গাড়ি Hybrid কিনা তা "পরিশিষ্ট-ক" এর অধীন গঠিত কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত, কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক "পরিশিষ্ট-খ" মোতাবেক একটি প্রত্যয়নপত্র তক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং পরিদর্শন সম্পর্কিত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট আমদানিকারককে বহন করিতে হইবে।

## <sup>·</sup>"পরিশিষ্ট<sub>-</sub>ক" কমিটি গঠন [শর্ত (ছ) দ্রষ্টব্য]

ক্রমিটি গঠন। - নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথাঃ-

- (ক) সংশ্লিষ্ট কাস্টম হাউসের কমিশনার কর্তৃক মনোনীত এডিশনাল কমিশনার/জয়েন্ট কমিশনার, যিনি উহার আহ্বায়কও হইবেন;
- (খ) বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা চউগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষক, যিনি উহার সদস্য হইবেন;
- (গ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর সহকারী পরিচালক পদ মর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা, যিনি উহার সদস্য হইবেন; এবং
- (ঘ) সংশ্লিষ্ট ওদ্ধায়ন শাখার তত্ত্বাবধানকারী ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, যিনি উহার সদস্য সচিব হইবেন।

# "পরিশিষ্ট-খ"

#### কমিটির প্রতিবেদন জ্যার্চ (হ) ক্রা

[শর্ত (ছ) দ্রষ্টব্য]

	আমি/আমরা	নিমন্থাক্ষরকারীগণ	এই মর্মে	প্রত্যয়ন	কারতোছ ে	য, আমদ	ানিকারক
মেসার্স	*******			(না	ম ও পূর্ণ ঠিক	ণনা) <u>ম</u> ূসন	ক নিবন্ধন
		এলসি/আইপি ন					
নং		তা	রিখ		৩ক ভব	া/স্টেশন	এর বিল
অব এনি	ট্র নং	জারিখ .		ų	গর মাধ্যমে ত	নামদানিকৃ	ত মোটর
গাড়ি য	হার মডেল নং			সিসনং,		anagaa	ইঞ্জিন
নং	******	বিগত/অ	দ্য		., তারিখে স	রজমিনে	পরিদর্শন
করিয়া	জাতীয় রাজস্ব	বোর্ডের প্রজ্ঞাপন	নং- ১২১-গ	মাইন/২০	\$8/ <b>\$8</b> ৮৫/⋜	গস্টমস,	তারিখ ঃ
০৫ জুন	. ২০১৪ খ্রিস্টা	ৰু মোতাবেক Hyb	rid moto	or car/l-	lybrid mo	tor car	নয়।

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ
তারিখ ঃ

## রাউপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-(মোঃ গোলাম হোসেন) সচিব।